



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-১০৮৭/ক/অন:/২০২২/৩২৫৪

তারিখ: ২৯/০৫/২০২৪

বিষয়: কিশোরগঞ্জ জেলার কটিয়াদী উপজেলাধীন “(প্রস্তাবিত) আয়েশা সিদ্দিক মহিলা কলেজ” এ উচ্চমাধ্যমিক পর্যায়ে স্থাপনের অনুমতি প্রসঙ্গে।

সূত্র: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা -এর ২৮/০৫/২০২৪ তারিখে মঞ্জুরী কমিটির ৬ষ্ঠ সভার ছা-০১ নং সিদ্ধান্ত এবং পরবর্তী বোর্ড সভার অনুমোদন সাপেক্ষে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে কিশোরগঞ্জ জেলার কটিয়াদী উপজেলাধীন “(প্রস্তাবিত) আয়েশা সিদ্দিক মহিলা কলেজ” এ নিম্নোক্ত শর্তসাপেক্ষে উচ্চমাধ্যমিক পর্যায়ে কলেজ স্থাপনের অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহ:

- ১। পাঠদানের অনুমতি চাওয়ার পূর্বেই অধ্যক্ষসহ প্রয়োজনীয় প্রশাসনিক জনবল নিয়োগ, জমি ক্রয় এবং অবকাঠামো নির্মাণসহ অন্যান্য প্রয়োজনীয় শিক্ষা উপকরণ তৈরি করতে হবে;
- ২। কলেজ প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- ৩। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা -২০২২ (সংশোধিত-২০২৩) অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরণ করতে হবে;
- ৪। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা
কলেজ পরিদর্শক (অতি. দা.) ও
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-৫৮৬১২৪৭৬
ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ

আয়েশা সিদ্দিক মহিলা কলেজ
উপজেলা- কটিয়াদী, জেলা-কিশোরগঞ্জ।

মেমো নং- ৩২৫৪(৫)

তারিখ: ২৯/০৫/২০২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, পলাশী, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।

কলেজ পরিদর্শক (অতি. দা.) ও
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা